

“ভর্তি বিজ্ঞপ্তি”

দেশে পরিবহন খাতে দুর্ঘটনা রোধে দক্ষ গাড়ী চালক তৈরীর মাধ্যমে কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সুযোগ সৃষ্টি এবং দারিদ্র বিমোচনের পাশাপাশি টেকশই জীবিকা নিশ্চিতকরণের লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তরাদ্বারা “যানবাহন চালনা বিষয়ক প্রশিক্ষণ” প্রকল্পের আওতায় যুব উন্নয়ন অধিদপ্তর, নওগাঁ জেলার যুব প্রশিক্ষণ কেন্দ্রে যানবাহন চালনা বিষয়ে ০১(এক) মাস মেয়াদী অনাবাসিক প্রদান করা হবে। উক্ত প্রশিক্ষণ কেন্দ্রে ভর্তির লক্ষ্যে কর্মপ্রত্যাশী যুবক ও যুব নারীদের এক বা একাধিক প্যানেল করার নিমিত্ত তাদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	প্রশিক্ষণ কোর্সের নাম	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা বয়স	আসন সংখ্যা	কোর্সের মেয়াদ	দরখাস্ত গ্রহণের শেষ তারিখ ও সময়	নওগাঁ জেলার জন্য সাক্ষাৎকারের তারিখ ও সময়	ভর্তি ও প্রশিক্ষণ শুরুর তারিখ
০১	যানবাহন চালনা প্রশিক্ষণ	ন্যূনতম ৮ম শ্রেণী বা সমমান পাশ। বয়স: ২১ - ৩৫ বছর। (জাতীয় পরিচয়পত্র থাকা বাধ্যতামূলক)	প্রতি ব্যাচে নওগাঁ জেলার জন্য ২০ জন এবং রাজশাহী জেলার জন্য ২০ জন মোট ৪০ জন। ৩টি ব্যাচের জন্য আসন নওগাঁ জেলার জন্য $২০ \times ৩ = ৬০$ জন রাজশাহী জেলার জন্য $২০ \times ৩ = ৬০$ জন মোট = ১২০ জন	০১(এক) মাস অনাবাসিক	২৫/০৭/২০২২ খ্রি. বিকেল ৫:০০টা পর্যন্ত	২৭/০৭/২০২২খ্রি. সকাল ১০:০০টা	পরবর্তীতে জানানো হবে।

দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদিঃ

- আবেদন/ দরখাস্ত জমাদানের স্থান উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, নওগাঁ এবং রাজশাহী জেলার জন্য রাজশাহী।
- বর্ণিত কোর্সে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীদের বয়স অবশ্যই ২১ - ৩৫ বছর এবং বেকার যুবক ও যুব নারী হতে হবে।
- স্বহস্তে পূরণকৃত আবেদন ফর্ম (০১) নাম (বাংলা ও ইংরেজী), (০২) পিতার নাম (বাংলা ও ইংরেজী), (০৩) মাতার নাম(বাংলা ও ইংরেজী), (০৪) জন্ম তারিখ,(০৫) বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে বয়স, (০৬) জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর, (০৭) বর্তমান ঠিকানা, (০৮) স্থায়ী ঠিকানা, (০৯) শিক্ষাগত যোগ্যতা, (১০) ধর্ম, (১১) জেন্ডার/লিঙ্গ, (১২) মোবাইল নম্বর, (১৩) Whats app নম্বর, (১৪) Face Book ID (যদি থাকে) (১৫) ই-মেইল ঠিকানা, (১৬) বিকল্প যোগাযোগ নম্বর, (১৭) সংশ্লিষ্ট বিষয়ে ইতোপূর্বে গৃহীত প্রশিক্ষণ (যদি থাকে)
- আবেদন পত্রের সাথে (০১) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ছায়াছবি, (০২) জাতীয় পরিচয় পত্রের (NID) অনুলিপি জমা দিতে হবে। সাক্ষাতকার ও মনোনয়নকালে মূল সনদপত্র এবং সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজের ছবি সংগে আনতে হবে।
- নির্ধারিত আবেদন ফর্ম যুব উন্নয়ন অধিদপ্তরের www.dyd.gov.bd ওয়েব সাইট অথবা উপ-পরিচালকের কার্যালয় /কো-অর্ডিনেটর/ ডেপুটি কো-অর্ডিনেটর এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে বিনামূল্যে সংগ্রহ করা যাবে।
- সাক্ষাতকারের জন্য নির্ধারিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে হাজির হতে হবে। এজন্য কোন প্রকার টি/এ, ডি/এ প্রদান করা হবে না।
- ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

উল্লেখ্য যাদের জাতীয় পরিচয়পত্র নেই এবং যাদের যে কোন প্রকারের ড্রাইভিং লাইসেন্স রয়েছে তারা কোন ভাবেই প্রশিক্ষণের জন্য আবেদন করতে পারবে না। কেউ তথ্য গোপন করে আবেদন করলে পরবর্তীকালে কর্তৃপক্ষ তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

প্রশিক্ষণের শর্তাবলীঃ

- প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম শৃংখলা মেনে চলতে হবে।
- প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।
- প্রশিক্ষণ শেষে আত্মকর্ম/ কর্মসংস্থানে নিয়োজিত হওয়ার তথ্য যুব উন্নয়ন অধিদপ্তরে সংশ্লিষ্ট উপপরিচালক বরাবরে দাখিল করতে হবে।
- প্রশিক্ষণকালীন সরকার কর্তৃক নির্দেশিত স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে।
- শুধুমাত্র রাজশাহী জেলার জন্য ১৫(পনের)জন প্রশিক্ষণার্থীর আবাসন সুবিধা দেয়া হবে।

প্রশিক্ষণ ও ভর্তির জন্য যোগাযোগঃ

- উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, নওগাঁ।

৪/৭/২২

মুঃ জাবেদ ইকবাল
উপপরিচালক


যুব উন্নয়ন অধিদপ্তর, নওগাঁ

মোবাইল: ০১৭০৯-৩৩০৯১৮

স্মারক নং-৩৪.০১.৬৪০০.০০০.৩৮.৩৭৩.২০২১- ২১১
অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

তারিখঃ ০৪/০৭/২০২২খ্রিঃ।

- ০১। পরিচালক (প্রশাসন ও অর্থ) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। প্রকল্প পরিচালক (যানবাহন চালনা বিষয়ক প্রশিক্ষণ প্রকল্প) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৩। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী।
- ০৪। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব উন্নয়ন অধিদপ্তর, নওগাঁ।
- ০৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল) যুব উন্নয়ন অধিদপ্তর, নওগাঁ।
- ০৬। অধ্যক্ষ, টেকনিক্যাল ট্রেনিং সেন্টার, নওগাঁ।
- ০৭। প্রশিক্ষক (আরএসি), যুব উন্নয়ন অধিদপ্তর, নওগাঁ।
- ০৮। সভাপতি / সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, নওগাঁ।
- ০৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ১০। নোটিশ বোর্ড/অফিস কপি।



৪/৭/২২

মুঃ জাবেদ ইকবাল
উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর, নওগাঁ